**Times Today BD** 

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 10 April, 2025

টঙ্গী হাজির মাজার বস্তিতে অভিযান চালিয়ে শীর্ষ সন্ত্রাসী শাহরিয়ার হোসেন সৈকতসহ ৬ জনকে আগ্নেয়াস্ত্র ও হেরোইনসহ গ্রেফতার করেছে

র্যাব।

বুধবার (৯ এপ্রিল) রাতে এই অভিযান পরিচালনা করে র্যাব।

গ্রেফতাররা হলেন- মহানগর তাঁতীলীগের যুগা সাধারণ সম্পাদক সন্ত্রাসী শাহরিয়ার হোসেন সৈকত (৩২), শাহানুর আহমেদ অমিত (১৮),

মো. হিরা (৩২), মো. বায়জিদ (২৭), মো. জাহিদ (১৯) ও নূর ইসলাম (২৭)।

তাদের হেফাজত থেকে ১টি বিদেশি রিভলবার, ৪ রাউভ শর্টগানের গুলি, ১৯৫ গ্রাম হিরোইন, ২টি মোবাইল ও নগদ ১৪০০ টাকা জব্দ করে

র্যাব।

র্যাব জানায়, গোপন সূত্রে খবর পেয়ে মাজার বস্তির মাদক সম্রাট রবিউল ইসলাম বাবু ওরফে কিং বাবুর সহযোগী সন্ত্রাসী শাহরিয়ার

সৈকতকে গ্রেফতার করা হয়।সৈকতের বিরুদ্ধে গত ২৭ মার্চ টঙ্গীর বাজার বড় মসজিদ এলাকায় একজন সংবাদকর্মীকে প্রাণনাশের উদ্দেশ্যে

ফাঁকা গুলি করার অভিযোগ রয়েছে।পরে তার মোবাইলে থাকা ছবি এবং ভিডিওর সূত্র ধরে মাজার বস্তির বিভিন্ন স্পটে অভিযান পরিচালনা ও

তল্লাশি করে একটি বিদেশি রিভলবার উদ্ধার ও আরও ৫ জনকে গ্রেফতার করা হয়।

উদ্ধারকৃত রিভলবারসহ গ্রেফতারদের সংশ্লিষ্ট থানা পুলিশের কাছে হস্তান্তর করার প্রক্রিয়া চলমান রয়েছে বল জানায় র্যাব।

উল্লেখ্য, মাজার বস্তি থেকে ইতিপূর্বে যাঁব অভিযান চালিয়ে বিভিন্ন দেশীয় অস্ত্রের পাশাপাশি থানা থেকে লুষ্ঠিত গ্যাস গান কার্টিজ উদ্ধার

করেছিল।

র্যাব টঙ্গী গাজীপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 22:20